

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪২৪

শান্তিরবাজার, ১৯ অক্টোবর, ২০২৩

বীরচন্দ্র মনুতে সজ্জি উৎকর্ষ কেন্দ্রের উদ্বোধন

কৃষির বিকাশ ও কৃষকের কল্যাণে বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে : কৃষিমন্ত্রী

আত্মনির্ভর ভারত গড়তে কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্রের বিকাশে সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়েছে। আমাদের রাজ্যে কৃষির বিকাশ ও কৃষকের কল্যাণে বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে। আজ দক্ষিণ ত্রিপুরা জেলার বীরচন্দ্র মনুতে সজ্জি উৎকর্ষ কেন্দ্রের উদ্বোধন করে কৃষিমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এমডিসি সঞ্জীব রিয়াং, কৃষি দপ্তরের সচিব অপূর্ব রায়, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক সাজু বাহিদ এ, প্রাক্তন বিধায়ক শংকর রায় প্রমুখ।

অনুষ্ঠানে কৃষিমন্ত্রী আরও বলেন, বর্তমান সরকার কৃষিকে সর্বাধিক গুরুত্ব দিয়ে কৃষকদের আয় দ্বিগুণ করার বিষয়টিকে অগ্রাধিকার দিয়েছে। কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান ক্রয় করা হচ্ছে। পিএম-কিষাণ প্রকল্পের সুবিধা কৃষকদের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে। তাছাড়াও কিষাণ ক্রেডিট কার্ডের মাধ্যমে কৃষকদের ঋণ দেওয়া হচ্ছে। পাশাপাশি কম জমিতে দ্বিগুণ ফসল উৎপাদনের জন্য নতুন নতুন উন্নত কৃষি প্রযুক্তির ব্যবহার করা হচ্ছে। কৃষিমন্ত্রী বলেন, দেশে ৬০টি উন্নত প্রযুক্তির সজ্জি উৎকর্ষ কেন্দ্র রয়েছে। তারমধ্যে দক্ষিণ ত্রিপুরা জেলার বীরচন্দ্র মনুতে আজ সজ্জি উৎকর্ষ কেন্দ্রের উদ্বোধন হল।

উল্লেখ্য, এখানকার ৬ হেক্টর জমিতে ৩কোটি ৯৬ লক্ষ টাকা ব্যয় করে এই সজ্জি উৎকর্ষ কেন্দ্র নির্মাণ করা হয়েছে। সারা বছর এখান থেকে প্রায় ১৫ লক্ষ সজ্জি চারা উৎপাদন করা সম্ভব হবে। এই কেন্দ্রে গ্রীন হাউস, পলি হাউস, প্রশাসনিক ভবন, প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উদ্যান ও ভূমি সংরক্ষণ দপ্তরের অধিকর্তা ড. ফনিভূষণ জমাতিয়া।
